

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স- ৪২৬৬

আগরতলা, ১৬ ডিসেম্বর, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের বিজয় দিবস  
অ্যালবার্ট এক্সা পার্কের ওয়ার মেমোরিয়ালে রাজ্যপালের পুষ্পার্ঘ্য অর্পণ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের বিজয় দিবস উপলক্ষে আজ অ্যালবার্ট এক্সা পার্কের ওয়ার মেমোরিয়ালে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু শহীদ সৈনিকদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। সকালে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল পতাকা নেড়ে এক বাইসাইকেল র্যালিরও সূচনা করেন। পরে সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে তিনি জানান, বাংলাদেশের স্বাধীনতা লাভে ভারতের গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে একসাথে ৯০ হাজারেরও বেশি পাকিস্তানী সৈন্যকে আত্মসমর্পণে বাধ্য করে ভারতীয় সেনারা। যা ইতিহাসে একটি বিরল ঘটনা। বর্তমানে ভারত সামরিক শক্তি ও পরাক্রমের দিকে পৃথিবীতে অন্যতম। তিনি বলেন, ভারত সবসময় শান্তির পক্ষে রয়েছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় অ্যালবার্ট এক্সা পার্কের ওয়ার মেমোরিয়ালে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৫৭ মাউন্টিং আর্টিলারি ব্রিগেডের কমান্ডার ব্রিগেডিয়ার বি কে পান্ডা ও সেনাবাহিনীর অন্যান্য আধিকারিকগণ।

\*\*\*\*\*